# সরাইল উপজেলা পরিষদ

## সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

### উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ ভার্চুয়াল।

সভার তারিখ ও সময় ঃ ৩০/১২/২০২১খ্রিঃ, সময় ঃ দুপুর-১২:০০ ঘটিকা।

সভাপতি ঃ জনাব রফিক উদ্দিন ঠাকুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল।

**সভায় উপস্থিত / অনুপস্থিত সদস্যগণ ঃ পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে।**

সভার শুরুতে সভাপতি জনাব রফিক উদ্দিন ঠাকুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার মূল কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়াকে অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১. উপজেলা নির্বাহী অফিসার ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের মাসিক সভা উপজেলা পর্যায়ের একটি গুরুত্বপূর্ণ সভা। অনেক দপ্তর প্রধান সভায় প্রায়শই অনুপস্থিত থাকেন। অনিবার্য কারণ ছাড়া পরিষদের মাসিক সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করেন। | পরিষদের মাসিক সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য সকল সদস্যকে নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট সকল সদস্য |

০২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা (কোভিড-১৯) ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া প্রতিদিন জরায়ু ক্যান্সার নির্ণয়সহ ইপিআই কার্যক্রম, উপস্বাস্থ্য কেন্দ্রের কার্যক্রম এবং কমিউনিটি ক্লিনিক সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জরুরী বিভাগ ও প্রসূতি কার্যক্রম ২৪ঘন্টা চলমান রয়েছে। | করোনা (কোভিড-১৯) ভ্যাকসিন প্রদানসহ সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

০৩. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান করোনা পরিস্থিতিতে সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান। এছাড়া ৪ হাজার কৃষককে উপশী জাতের বীজ ও কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, সরাইল। |

০৫. উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার কোথাও গবাদী পশুর কোন প্রকার মড়ক দেখা দেয় নাই। পশু হাসপাতালের চিকিৎসা, পরামর্শ ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরাইল। |

০৪. স্থানীয় সরকার বিভাগ (উপজেলা প্রকৌশলী)ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের এডিপি ও উন্নয়ন তহবিলের বরাদ্দের প্রকল্প তালিকা দ্রুত প্রদানের জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদকে অনুরোধ করেন। দ্রুত তালিকা না পেলে যথাসময়ে কাজ সম্পন্ন করা দুরুহ হয়ে পড়বে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২১-২২ অর্থ বছরের প্রকল্প কাজ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী |

০৫. প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, নতুন বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেয়ার লক্ষ্যে বিদ্যালয় পর্যায়ে ইতোমধ্যে বই বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া জরুরী বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় জানান। | সকল বিদ্যালয়ে আবশ্যিকভাবে প্রয়োজনীয় করোনা (কোভিড-১৯) প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

০৬. মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২২ শিক্ষা বর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক মাধ্যমিক পর্যায়ের ৬৫.৬৯% এবং দাখিল পর্যায়ে ২৯.৩৫% এবং ইবতেদায়ী পর্যায় ১০০% পাওয়া গিয়াছে। প্রাপ্ত পাঠ্যপুস্তক বিদ্যালয় পর্যায়ে বিতরণ করা হচ্ছে। অদ্য এস.সি.সি পরীক্ষার ফলাফল পাবলিশ হয়েছে। পাশের হার ৯৬.১৯%। বিদ্যালয় পর্যায়ে ১২-১৭ বছরের শিক্ষার্থীদের ভ্যাকসীন প্রদানের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া প্রশিক্ষণসহ অন্যান্য জরুরী বিভাগীয় কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরাইল। |

০৭. মৎস্য অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অনুপস্থিত | উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |

০৮. পরিবার পরিকল্পনা অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান করোনা পরিস্থিতিতে সরকারি নির্দেশনা মোতাবেক সেবা প্রদানসহ পরিবার পরিকল্পনা বিষয়ক পরামর্শ, গর্ভকালীন মায়েদের সেবা, প্রসবকালীন সেবা, প্রসবোত্তর সেবা, শিশু সেবা ও সাধারণ রোগীর সেবা এবং অন্যান্য বিভাগীয় জরুরী কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী জরুরী সেবা সমূহ চালু রাখতে হবে। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ |

০৯. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা)ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অনুপস্থিত | উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সরাইল। |

১০. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (উপজেলা সমবায় কর্মকর্তা) ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অনুপস্থিত | উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, সরাইল। |

১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অনুপস্থিত | উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরাইল |

চলমান পাতা-০৩

১২. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, আর্সেনিক ঝুকি নিরসন প্রকল্পসহ হাওর অঞ্চলে পানি সরবরাহকরণ প্রকল্পের আওতায় নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাকি রয়েছে। | নলকূপ স্থাপনের ক্ষেত্রে প্রকৃত উপকারভোগী নিশ্চিত করতে হবে। | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

১৩. সমাজ সেবা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, প্রতিবন্ধি উপকারভোগী নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা। |

১৪. যুব উন্নয়ন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রশিক্ষণ প্রদান, ঋণ আদায়সহ তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |

১৫. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি, মাতৃত্বকালীন ভাতা প্রদানসহ সরকারি নির্দেশনা অনুযায়ী বিভাগীয় কার্যক্রম চালু রাখা হয়েছে। | প্রশিক্ষণ প্রদান, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |

১৬. উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, সরাইল ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ধান-চাউল সরবরাহ শতভাগ সম্পন্ন হয়েছে। ধান/চাল সরবরাহের লক্ষ্যমাত্রা পাওয়া গিয়াছে। লটারীর মাধ্যমে কৃষক নির্বাচনসহ পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক ধান-চাউল সংগ্রহ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ট্যাগ অফিসার, ইউপি চেয়ারম্যানগণ |

১৭. পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |

১৮. ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, প্রশিক্ষণসহ তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে জানান। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার উপজেলা প্রকৌশলী, সরাইল |

১৯.সহকারী প্রোগ্রামার(আইসিটি) ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সহকারী প্রোগ্রামার (আইসিটি) সভায় জানান যে, বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল যথাসময়ে হালনাগাদ করা হয় না। ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য তিনি সকলে অনুরোধ করেন। | ওয়েব পোর্টাল হালনাগাদ রাখতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার |

২০. উপজেলা সমন্বয়কারী(ইউজিডিপি) ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অনুপস্থিত | উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা সমন্বয়কারী |

২১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, সমিতি গঠন, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |

২৪. বিবিধ ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের পরিচ্ছন্নতাকর্মী এবং মালী হিসেবে দুই জন লোক ১৮/১১/২০২১ হতে ৩০/১২/২০২১ খ্রি. পর্যন্ত ৩৫ (পয়ত্রিশ) দিন কাজ করানো হয়েছে। ৩৫ (পয়ত্রিশ) দিনের দৈনিক মজুরী বিল প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিচ্ছন্নতাকর্মী এবং মালীর ৩৫ (পয়ত্রিশ) দিনের দৈনিক মজুরী বিল প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| খ) | চেয়ারম্যান, পানিশ্বর ইউপি সভায় জানান যে, পানিশ্বর ইউনিয়ন পরিষদের নিজস্ব ভবনটিতে স্থান সংকুলান না হওয়ায় দাপ্তরিক কাজ-কর্মে বিঘ্ন ঘটছে। এছাড়া বর্তমান পরিষদ ভবনের স্থলে পর্যাপ্ত জায়গা না থাকায় এবং আশ-পার্শ্বের কেহ জায়গা দিতে রাজি না হওয়ায় নতুন ভবন নির্মাণ করা সম্ভ হচ্ছেনা। একই মৌজার বর্তমান ইউপি ভবন থেকে ২৫০ গজ দূরে পূর্বদিকে সরাইল-পানিশ্বর রাস্তা সংলগ্ন দক্ষিণপার্শ্বে এবং বগইর-পানিশ্বর রাস্তার পূর্বপার্শ্বে পানিশ্বর সিএন্ডজি স্টেশনের পূর্বপার্শ্বে শোলাবাড়ি মৌজায় ১৪১৮ ও ১৪১৯ হাল দাগে ২৬(ছাব্বিশ) শতক ভিটা বাড়ি নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য আমি এবং আমার ভাই-বোনের ভোগদখলীয় পৈতৃক সম্পত্তি দান করতে সম্মত আছি। এমতাবস্থায় উক্ত জায়গায় পানিশ্বর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য বর্তমান ইউপি চেয়ারম্যান কর্তৃক দানকৃত প্রস্তাবিত জায়গায় পানিশ্বর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী<br>চেয়ারম্যান, পানিশ্বর ইউপি |
| গ) | জনাব রোকেয়া বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদে ০২(দুই) জন অফিস সহায়ক নিয়োগের বিষয়ে নির্দেশনা রয়েছে। কিন্তু অদ্যবধি নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়নি। দ্রুত বিধি মোতাবেক ০২(দুই) জন অফিস সহায়ক নিয়োগের বিষয়ে তিনি সভায় প্রস্তাব করেন। | দ্রুত বিধি মোতাবেক ০২(দুই) জন অফিস সহায়ক নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ঘ) | ভাইস চেয়ারম্যান সভায় উপস্থিত সকল বিদায়ী ইউপি চেয়ারম্যানগণকে বিদায়ী শুভেচ্ছা জানান এবং তাঁদের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। এছাড়া এক সাথে চলাফেরার ক্ষেত্রে ভুলত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্ঠিতে দেখার জন্য অনুরোধ করেন। | সকল বিদায়ী ইউপি চেয়ারম্যানগণকে শুভেচ্ছা এবং সকলের জন্য দুয়া ও শুভ কামনা জ্ঞাপন করা হয়। | সকল সদস্য |
| ঙ) | বিদায়ী ইউপি চেয়ারম্যানগণের পক্ষে চেয়ারম্যান, পানিশ্বর, সরাইল সদর, শাহাজাদাপুর, কালীকচ্ছ ও নোয়াগাঁও ইউপি সকলের কাছে দুআ এবং চলার পথে ভুলত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্ঠিতে দেখার জন্য সকলকে অনুরোধ করেন। | চলার পথে ভুলত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্ঠিতে দেখার জন্য অনুরোধ করা হয়। | সকল সদস্য |
| চ) | সভাপতি সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের এডিপি ও উন্নয়ন তহবিলের প্রকল্প তালিকা চূড়ান্ত প্রায়। নতুন বছরের শুরুতেই টেন্ডার প্রক্রিয়া শুরু করার জন্য তিনি উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | ২০২১-২২ অর্থ বছরের এডিপি ও উন্নয়ন তহবিলের প্রকল্প দ্রুত টেন্ডার আহবান সহ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়। | উজেলা প্রকৌশলী |
| ছ) | এছাড়া সভাপতি বিদায়ী ইউপি চেয়ারম্যানগণকে বিদায়ী শুভেচ্ছা জানান এবং তাঁদের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। এছাড়া এক সাথে চলাফেরার ক্ষেত্রে ভুলত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্ঠিতে দেখার জন্য অনুরোধ করেন। | চলার পথে ভুলত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্ঠিতে দেখার জন্য অনুরোধ করা হয়। | সকল সদস্য |
| জ) | সভাপতি সভায় জানান যে, তাঁর বাস ভবন নির্মাণ কাজ প্রায় শেষের দিকে। বাসায় ১ টনের ০২টি এ.সি. লাগানো প্রয়োজন। এছাড়া আগামী ০৯-১৫ জানুয়ারি উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য প্রাপ্ত ঠিকা রাখার জন্য একটি তাপনুকূল কক্ষ প্রয়োজন। সেই লক্ষ্যে সরাইল অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়ের একটি কক্ষে বর্তমানে ওই ০২টি এ.সি. ব্যবহার করা হবে এবং ঠিকাদান কর্মসূচী শেষ হলে এ.সি. দু'টি উপজেলা চেয়ারম্যানের বাস ভবনে লাগানো হবে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ০২টি এ.সি লাগানোর জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাস ভবনে এ.সি. লাগানোর বিষয়ে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

২৪. বিবিধ ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| জ) | মহিলা ভাইস চেয়ারম্যান সভায় আরও জানান যে, সরাইল উপজেলা সাব-রেজিষ্ট্রি অফিসে একদিন দলিল রেজিষ্ট্রি হয়। এতে করে সাধারণ মানুষ ভোগান্তিতে রয়েছে। দ্রুত সাব রেজিষ্টার পদায়নের বিষয়ে তিনি উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | উপজেলা সাব-রেজিষ্ট্রারের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা সাব রেজিষ্ট্রার |
| ঝ) | সভাপতি সভায় আরও জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের পেছনে ঝোপ-ঝাড়ের সৃষ্টি হয়েছে এবং টয়লেটের ট্যাঙকি উপচে ময়লা বের হচ্ছে। দ্রুত ঝোপ-ঝাড় এবং ট্যাঙ্কির ময়লা পরিষ্কার করার উদ্যোগ গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নের দ্রুত ঝোপ-ঝাড় এবং ট্যাঙ্কির ময়লা পরিষ্কার করার উদ্যোগ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ঞ) | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা আনসার ভিডিপি অফিসে আকস্মিক অগ্নিকান্ডে অফিস আসবাবপত্র পুড়ে যাওয়ার কারণে অফিসের স্বাভাবিক কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। উপজেলা পরিষদের রাজস্ব তহিবল হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার অফিস আসবাবপত্র এবং অফিস সরঞ্জাম ক্রয়ের বিষয়ে একটি আবেদন করেন। এ বিষয়ে মতামত ও আলোচনা প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকারের বিভাগের অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| চ) | সভাপতি সভায় জানান যে, পরিষদের জীপ গাড়ির ২টি চাকা ক্রয় করাসহ রঙকরণ একান্ত প্রয়োজন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত কাজ সম্পন্ন করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জীপ গাড়ির ২টি চাকা ক্রয় করাসহ রঙকরণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ছ) | জনাব আব্দুল জব্বার, চেয়ারম্যান, সরাইল সদর ইউপি সভায় জানান যে, সরাইল বাজারের পানি নিষ্কাশনের জন্য অন্নদা স্কুল মোড়ে আর.সি.সি. ইউ ড্রেইন নির্মাণ একান্ত জরুরী। দ্রুত অন্নদা স্কুল মোড়ে আর.সি.সি. ইউ ড্রেইন নির্মাণ করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | সরাইল বাজারের পানি নিষ্কাশনের জন্য অন্নদা স্কুল মোড়ে আর.সি.সি. ইউ ড্রেইন নির্মাণ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(রফিক উদ্দিন ঠাকুর)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
ফোন নং ঃ ০৮৫২৭-৫৬২৮৮

স্মারক নং ঃ সউপ/মাসিকসভা/২০২০/৩৮৫(৪০)

তারিখ ঃ ৩০ ডিসেম্বর ২০২১
১০ পৌষ ১৪২৮

অনুলিপি- সদয় অবগতির জন্য
০১। মাননীয় সংসদ সদস্য, ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২।
০২। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি- অবগতি ও কার্যার্থে
০৫। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
০৬। উপজেলা ------------------------------------------ অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
০৭। চেয়ারম্যান, ------------------------------------------ ইউপি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
০৮। জনাব ------------------, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

স্বাক্ষরিত
(মোঃ আরিফুল হক মৃদুল)
উপজেলা নির্বাহী অফিসার
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
ফোন ঃ ০৮৫২৭-৫৬০০৭
ই-মেইল ঃ unosarail@mopa.gov.bd

## পরিশিষ্ট “গ”

### সভায় উপস্থিত সদস্যগণ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব রফিক উদ্দিন ঠাকুর | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২. | জনাব মোঃ আরিফুল হক মৃদুল | উপজেলা নির্বাহী অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩. | জনাব মোঃ আবু হানিফ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৪. | জনাব রোকেয়া বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৫. | জনাব মোঃ মোশারফ হোসেন | চেয়ারম্যান, অরুয়াইল ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৬. | জনাব আবদুল জব্বার | চেয়ারম্যান, সরাইল ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৭. | জনাব মোঃ দ্বীন ইসলাম | চেয়ারম্যান, পানিশ্বর ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৮. | জনাব মোঃ শরাফত আলী | চেয়ারম্যান, কালিকচ্ছ ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৯. | জনাব ডাঃ মোঃ নোমান মিয়া | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১০. | জনাব ড. মোঃ জাহাঙ্গীর আলম | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১১. | জনাব নিলুফা ইয়াছমীন | উপজেলা প্রকৌশলী(এলজিইডি) এর কার্যালয় সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১২. | জনাব সহিদ খালিদ জামিল খান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৩. | জনাব মোঃ সুমন মিয়া | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৪. | জনাব মোঃ আব্দুল আজিজ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৫. | জনাব মোসাঃ ফাতেমা আক্তার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৬. | জনাব নাজমা বেগম | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৭. | জনাব মুকবুল হোসেন | উপ-সহঃ প্রকৌশলী(জনস্বাস্থ্য), সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৮. | জনাব মোঃ শাকিল আহমেদ | সহকারী প্রোগ্রামার, আইসিটি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৯. | জনাব মোঃ মানিক মিয়া | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২০. | জনাব মোঃ আব্দুস সালাম | উপজেলা বন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২১. | জনাব মোঃ মমিনুল ইসলাম | উপজেলা সমন্বয়কারী(ইউজিডিপি) |
| ২২. | জনাব মোঃ আব্দুছ ছালাম | উজেলা খাদ্য নিয়ন্ত্রক, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৩. | জনাব কাজী আঃ মোমেন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৪. | জনাব মোঃ আবুল কালাম আজাদ | উপজেলা সমাজ সেবা অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৫. | জনাব কাজল চৌধুরী | চেয়ারম্যান, নোয়াগাঁও ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৬. | জনাব মোঃ রফিকুল ইসলাম | চেয়ারম্যান, শাহজাদাপুর ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৭. | জনাব রঞ্জন ভৌমিক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৮. | জনাব | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |

### অনুপস্থিত সদস্যগণ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ২৯. | জনাব মায়মুনা জাহান | উপজেলা মৎস্য কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩০. | জনাব মোঃ সাইফুল ইসলাম | চেয়ারম্যান, পাকশিমুল ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩১. | জনাব মোঃ সাইফুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩২. | জনাব আবু কাউছার ঠাকুর | চেয়ারম্যান, সরাইল উপজেলা কেন্দ্রিয় সমবায় সমিতি লিঃ |
| ৩৩. | জনাব মর্জিনা আক্তার | উপজেলা কৃষি কর্মকর্তা(ভারপ্রাপ্ত), সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩৪. | জনাব রাজীব আহাম্মেদ | চেয়ারম্যান, শাহবাজপুর ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩৫. | জনাব শেখ হাবিবুর রহমান | চেয়ারম্যান, চুন্টা ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩৬. | জনাব মোঃ আশরাফুল ইসলাম | উপ-সহঃ প্রকৌশলী (সওকা), বিএডিসি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩৭. | জনাব নার্গিস বেগম | সংরক্ষিত মহিলা সদস্য |
| ৩৮. | জনাব | উপজেলা সমবায় কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |